

খিলিপান স্বদেশ

সংযমে সংযত
পানপাতা দেহ ,
মুড়ে দিলো বোধের গহ্বরে
জাতীয় চেতনা ।

স্বকীয় মশলার ঘ্রাণে
খুঁজে পেল স্বাদ ; অনন্য 'বিজয়'
নির্যাস পেল তার -
ভৌগলিক সীমানা ।

পিচকিরি ঢেলে রাঙিয়ে রাজপথ
আস্বাদিত হ'লো জাতিস্বত্তা ।
বৃন্তে চুনের শোভিত পতাকা ,
সৌকর্যে প্রিয় স্বাধীনতা ।

প্রতীজ্ঞা ভঙ্গ

কেন ভঙ্গলে শপথ ?
অলিন্দ-নিলয় ব্যবধায়ক ।
সমগ্র হৃদপিণ্ড জুড়ে এখন ,
শুধুই নিলয় . . .

নীলশিরার গিরি-গলি পথ
ঐক্যবন্ধ ;
মান্তান পাহাড়ে ।
টালমাটাল বিশুদ্ধ অম্লজান
বাধাপ্রাপ্ত ;
অনিয়মের দেয়ালে ।

প্রতিদিন অসংখ্যবার ওরা
প্রতীজ্ঞা করে ,
অসংখ্যবার প্রতীজ্ঞা ভঙ্গ করে ফিরে যায় -
নিষিদ্ধ ভাগাড়ে ।

অপাপবিদ্ধ হয়না স্বদেশ ,
বিশ্বাসঘাতকের তালিকায় বাড়ে নাম . . .

প্রকৃতির মত তুমিও যে
প্রতারণার ছলে -
শুদ্ধ হ'তে দিলেনা আমায় ।

~*~ Soncharini ~*~

e-mail : Soncharini@gmail.com